ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

**স-২৬৭৭**

আগরতলা, ৫ সেপ্টেম্বর, ২০২৬

**আগরতলা লোক ভবনে রাজ্যপালের সাথে পুরস্কারপ্রাপ্ত শিক্ষকদের মতবিনিময়**

৬৫তম শিক্ষক দিবস উপলক্ষে আজ সন্ধ্যায় আগরতলার লোক ভবনে ত্রিপুরার রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু জাতীয় ও রাজ্য পুরস্কারপ্রাপ্ত শিক্ষক এবং বিশেষ শিক্ষাবিদদের সঙ্গে মতবিনিময় করেন।মতবিনিময়ের সময় রাজ্যপাল  শিক্ষা ক্ষেত্রে তাঁদের মূল্যবান অবদানের প্রশংসা করেন।তিনি তাঁদের নিষ্ঠা, অঙ্গীকার এবং ছাত্রছাত্রীদের ভবিষ্যৎ গঠন ও শিক্ষা ব্যবস্থাকে শক্তিশালী করার ক্ষেত্রে তাঁদের গুরুত্বপূর্ণ ভূমিকার কথাও স্মরণ করেন।এই মতবিনিময় অনুষ্ঠানে পুরস্কারপ্রাপ্ত শিক্ষক ও স্পেশাল এডুকেটরগণ রাজ্যপালের সঙ্গে শিক্ষার বিভিন্ন দিক নিয়ে তাঁদের অভিজ্ঞতা ও মতামত ভাগ করে নেওয়ার সুযোগ পান।

*******